# পাঠক্রম

## এম.এফ.এ. প্রোগ্রাম

## কারুশিল্প বিভাগ

## ঢাকা বিশ্ববিদ্যালয়

## এম.এফ.এ. প্রোগ্রামের উদ্দেশ্য

কারুশিল্প বিভাগে এম.এফ.এ. পাঠ্যক্রমের উদ্দেশ্য কারুশিল্পসহ শিল্পকলার সকল ক্ষেত্রে শিক্ষার্থীদের নিরীক্ষা ও গবেষণায় উদ্বুদ্ধ ও দক্ষ করে তোলা। কারুশিল্প সম্পর্কে সামগ্রিক ধারণা, নান্দনিকবোধ, বিশ্লেষণী ক্ষমতা এবং বৃহত্তর সামাজিক, রাজনৈতিক, ঐতিহাসিক তথা সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে শিল্পের সম্ভাবনা এবং তাৎপর্য অনুধাবন করতে সহায়তা করা। সৃজনশীল কারুশিল্প এবং কারুশিল্পের বিভিন্ন মাধ্যমের উপর আলাদাভাবে বিশেষ গুরুত্বের সাথে নিজ পঠিত বিষয়ে বিশেষজ্ঞ হতে সহায়তা করা। সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করার মাধ্যমে নিজের কাজের প্রতি কৌশলগত দক্ষতা, আত্মবিশ্বাস নিরীক্ষা সমালোচনা এবং বিশ্লেষণ ক্ষমতার মাধ্যমে শিল্পকর্মকে আন্তর্জাতিকমানে উন্নীত করা। এই কোর্সের তত্ত্বীয় বিষয়সমূহ শিক্ষার্থীকে তার শিল্পচর্চায় নিজস্বতা এবং বিষয় সম্পর্কে গবেষণার পথ সুদৃঢ় করতে সহায়তা করবে। চার বছরের বি.এফ.এ. সম্মান উত্তীর্ণ শিক্ষার্থীরা দুই বছরের এম.এফ.এ. কোর্সে ভর্তি হতে পারবে। ১ম পর্ব পরীক্ষায় উন্নীত হয়ে শিক্ষার্থীরা ২য় পর্বে উন্নীত হবে এবং এম.এফ.এ. ২য় পর্বের পরীক্ষা শেষে দুই পর্বের মোট GPA এর সমন্বয়ে চূড়ান্ত ফলাফল (CGPA) অর্জন করবে।

**M.F.A. 1st Part**
Total Mark : 500
Total Credit: 44

| Course No | Title of the Course | Marks | Credits | Cont. Hrs |
|---|---|---|---|---|
| CRAFT 501 | নিরীক্ষামূলক ড্রইং (Experimental Drawing) | 100 | 10 | 150 |
| CRAFT 502 | (নিরীক্ষামূলক ফিগার কম্পোজিশন) (Experimental Figure Composition) | 100 | 10 | 150 |
| CRAFT 503 | নিরীক্ষামূলক নকশা (Experimental Design) | 100 | 10 | 150 |
| CRAFT 504 | সৃজনশীল কারুশিল্প (Creative Craft) | 100 | 10 | 150 |
| CRAFT 941 | বাংলাদেশের শিল্প (Art of Bangladesh) | 100 | 04 | 60 |

**M.F.A. 2nd Part**
Total Mark : 500
Total Credit : 44

| Course No | Title of the Course | Marks | Credits | Cont. Hrs |
|---|---|---|---|---|
| CRAFT 601 | নিরীক্ষামূলক কম্পোজিশন (Experimental Composition) | 200 | 20 | 300 |
| CRAFT 602 | প্রায়োগিক কারুশিল্প ও অলংকার (Applied Craft and Decoration) | 100 | 10 | 150 |
| CRAFT 603 | নিরীক্ষামূলক ফ্যাশন ডিজাইন (Experimental Fashion Design) | 100 | 10 | 150 |
| CRAFT 604 **Alternative** CRAFT 605 | কারুশিল্প ইতিহাস (History of Craft) অভিসন্দর্ভ (Dissertation) | 100 | 04 | 60 |

# এম.এফ.এ. প্রোগ্রাম

**প্রথম পর্ব ॥ মোট নম্বর : ৫০০** **মোট ক্রেডিট-**

**৪৪**

| Cource No | Cource Title & Marks | Credit |
|---|---|---|

**CRAFT 501** **নিরীক্ষামূলক ড্রইং (Experimental Drawing)** ১০
পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)
বিষয় : মানুষ, পশু-পাখি, জলজপ্রাণি ইত্যাদি।
মাধ্যম : পেন্সিল, চারকোল, কালি, তুলি, রং ইত্যাদি।

**CRAFT 502** **নিরীক্ষামূলক ফিগার কম্পোজিশন (Experimental Figure Composition)** ১০
পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)
বিষয় : মানুষ, পশু-পাখি, জলজপ্রাণি ইত্যাদি।
মাধ্যম : স্ক্রিন প্রিন্ট, বয়ন, কাঠ, বাটিক, মেটাল, এপলিক, মিশ্র ইত্যাদি।

**CRAFT 503** **নিরীক্ষামূলক নকশা (Experimental Design)** ১০
পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)
বিষয় : উন্মুক্ত।
মাধ্যম : কাগজ, রং, তুলি, কোলাজ, মিশ্র ইত্যাদি।

**CRAFT 504** **সৃজনশীল কারুশিল্প (Creative Craft)** ১০
পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)
মাধ্যম : বাঁশ, বেত, চামড়া, কাঠ, মেটাল, আঁশ, সুতা, উল, বস্ত্র ইত্যাদি।
শিক্ষাবর্ষে শিক্ষার্থী বাংলাদেশের যে কোন একটি ঐতিহ্যবাহী লোক / কারুশিল্পের তথ্য, তথ্যচিত্র ও শিল্পকর্ম সংগ্রহ করবে এবং সংগৃহীত শিল্পকর্মের আদলে সৃজনশীল রূপদানে ক্লাসে দুইবার ও চূড়ান্ত পরীক্ষায় একবার উপস্থাপন করবে। উল্লেখ্য, চূড়ান্ত পরীক্ষায় তৈরীকৃত নিজস্ব ধারার শিল্পকর্ম সম্পর্কিত চিন্তা চেতনা বৈশিষ্ট্য সম্পর্কে সুস্পষ্ট ব্যাখা লিখিত আকারে জমা দিতে হবে এবং বিভাগীয় ছাত্র শিক্ষকের মাঝে নির্দিষ্ট সময়ে উপস্থাপন করতে হবে।

**CRAFT 941** **বাংলাদেশের শিল্প (Art of Bangladesh)** ০৪
পূর্ণমান : ১০০ {ইনকোর্স (টিউটোরিয়াল:১৫+ মৌখিক:১০) ২৫+ পরীক্ষা:৭৫}
১৯৪৭ সাল থেকে সাম্প্রতিক সময় পর্যন্ত।

**দ্বিতীয় পর্ব ॥ মোট নম্বর : ৫০০** **মোট ক্রেডিট-৪৪**

**শিক্ষার্থী CRAFT 601 নং কোর্সটি যে মাধ্যমে সম্পন্ন করবে তা ব্যতীত কারুশিল্পের যে কোন মাধ্যমে CRAFT 602 নং কোর্সটি সম্পন্ন করবে।**

| Cource No | Cource Title & Marks | Credit |
|---|---|---|
| **CRAFT 601** | **নিরীক্ষামূলক কম্পোজিশন (Experimental Composition)**<br>পূর্ণমান :২০০ (ইনকোর্স:১০০+পরীক্ষা:১০০)<br>বিষয় : উন্মুক্ত।<br>মাধ্যম : স্ক্রিন প্রিন্ট, বয়ন, কাঠ, বাটিক, মেটাল, এপলিক এবং মিশ্র। | ২০ |
| **CRAFT 602** | **প্রায়োগিক কারুশিল্প ও অলংকার (Applied Craft & Decoration)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : প্রকৃতি ও পারিপার্শ্বিক অভিজ্ঞতার আলোকে নিজস্ব গবেষণা ও স্বতন্ত্র ধারার বিভিন্ন প্রকার অলংকার ও সাজ-সজ্জার উপাদান যেমন- অলংকৃত কাঠ, চামড়া, মেটাল, বস্ত্র, শোপিচ, মুখোশ, তৈজসপত্র, আসবাবপত্র, পর্দা, রুম ডিভাইডার, ল্যাম্পশেড ইত্যাদি আন্তর্জাতিক মান সম্পন্ন, যুগপোযোগী ও আধুনিক আঙ্গিকে তৈরী করণ।<br>মাধ্যম : কারুশিল্পের যে কোন মাধ্যম। | ১০ |
| **CRAFT 603** | **নিরীক্ষামূলক ফ্যাশন ডিজাইন (Experimental Fashion Design)**<br>পূর্ণমান : ১০০ (ইনকোর্স:৫০+পরীক্ষা:৫০)<br>বিষয় : থিয়েটার ও সিনেমায় ব্যবহৃত কষ্টিউম, দেশীয় ঐতিহ্যবাহী উৎসব, ধর্মীয় উৎসব, শোক ও আনন্দ উৎসব এবং সাধারণ মানুষের ব্যবহার উপযোগী পোশাক ও অনুষঙ্গ বিষয় হিসেবে ব্যাগ, অলংকার, স্যাণ্ডেল, থিম ওয়ার্ক ইত্যাদি ডিজাইন অনুশীলন।<br>মাধ্যম : এপলিক, সুচিকর্ম, বিভিন্ন রকম কাপড়, বাটিক, টাই এণ্ড ডাই, এ্যামব্রয়ডারী, হ্যাণ্ড পেইন্ট, ব্লক প্রিন্ট ও প্যাটার্ন কাটিং ইত্যাদি। | ১০ |
| **CRAFT 604** | **কারুশিল্পের ইতিহাস (History of Craft)**<br>পূর্ণমান: ১০০ {ইনকোর্স (টিউটোরিয়াল:১৫+ মৌখিক:১০) ২৫ +পরীক্ষা :৭৫}<br>লোকশিল্প ও কারুশিল্পের পরিচয়, ইতিহাস ও শ্রেণি বিভাজন। আধুনিক বিশ্ব চারু ও কারুশিল্প আন্দোলন। স্টুডিও ক্রাফট ও হ্যাণ্ডি ক্রাফটের পরিচয়, ইতিহাস ও শ্রেণি বিভাজন।<br>২০ শতকের বিশ্ব কারুশিল্প, বাংলাদেশের আঞ্চলিক কারুশিল্পের তুলনামূলক আলোচনা, ২০ শতকের বিশ্ব কারুশিল্পের শৈলী ও প্রবণতা, বাংলাদেশের কারুশিল্পের নান্দনিকতা ও দর্শন, কারুশিল্পের বিশ্লেষণ ও সমালোচনা শৈলী। | ০৪ |

**বিকল্প : (৭৫৪ এর বিকল্প কোর্স CRAFT ৬০৫)**

| | | |
|---|---|---|
| **CRAFT 605** | **অভিসন্দর্ভ (Dissertation)**<br>পূর্ণমান: ১০০ (লিখিত ৬০+মৌখিক ৪০)<br>বিষয় : নিজস্ব শিল্পকর্ম, বাংলাদেশের কারুশিল্প বা কারুশিল্পী, লোকশিল্প ইত্যাদি। | ০৪ |